শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিকল্পনা-৬ শাখা

বিষয়: অক্টোবর, ২০২৩ পর্যন্ত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ শাহাব উদ্দিন এম.পি. মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সভার তারিখ	২৬ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ
সভার সময়	বেলা ০২.০০টা
স্থান	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ও জুম প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সচিব মহোদয় এ মন্ত্রণালয়ে কাজ করার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী ও উপমন্ত্রীর নেতৃত্ব ও সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) আলোচ্যসুচী অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়ন
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	গত ২৫ অক্টোবর, ২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/আপত্তি আছে কিনা জানতে চাওয়া হলে ইন্টিগ্রেটেড অ্যাপ্রোচ টুওয়ার্ড সাসটেইনেবল প্লাস্টিক ইউজ এন্ড মেরিন লিটার প্রিভেনশন ইন বাংলাদেশ প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, সেপ্টেম্বর, ২০২৩ মাসের সভার কার্যবিবরণীর ৩.১০ এ ১ নম্বর সিদ্ধান্ত ছিল পাবলিক সেক্টরকে প্লাস্টিক দূষণমুক্ত করার জন্য মাস্টার প্ল্যান করতে হবে এবং ২ নম্বর সিদ্ধান্ত ছিল নভেম্বর, ২০২৩ মাসের মধ্যে ইপিআর এর ড্রাফট প্রেরণ করতে হবে। প্রকল্প পরিচালক জানান এ প্রকল্পে মাস্টার প্ল্যান না থাকায় সেটি এ্যাকশন প্ল্যান করা যেতে পারে এবং ইপিআর এর কাজ এ প্রকল্প সংশ্লিষ্ট না হওয়ায় ২ নম্বর সিদ্ধান্তটি বাতিল করা যেতে পারে। কার্যবিবরণীর বাকি অংশে আর কোন সংশোধনী/আপত্তি না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা হয়।	গত ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ৩.১০ এর ১ নম্বর সিদ্ধান্ত হবে পাবলিক সেক্টরকে প্লাস্টিক দূষণমুক্ত করার জন্য এ্যাকশন প্ল্যান করতে হবে এবং ২ নম্বর সিদ্ধান্তটি বাতিল করা হলো। কার্যবিবরণীর বাকি অংশে আর কোন সংশোধনী/আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। **বাস্তবায়নঃ** উন্নয়ন অনুবিভাগ

২	চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের অক্টোবর, ২০২৩ পর্যন্ত বরাদ্দ, অর্থ অবমুক্তি ও ব্যয় বিবরণী	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, • ২০২৩-২০২৪ অর্থবছরে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২৫ টি প্রকল্পের অনুকূলে এডিপি বরাদ্দ ৮৩৬৩২.০০ লক্ষ টাকা। • অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্তি ১৫৯৭৩.১০ লক্ষ টাকা (জিওবি ৯৪৬৬.৩৫ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৬৫০৬.৭৫ লক্ষ টাকা) • আর্থিক ব্যয় ৮৯৬৮.৬৯ লক্ষ টাকা (জিওবি ২৪৬২.৬৬ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৬৫০৬.০৩ লক্ষ টাকা)। • অক্টোবর, ২০২৩ পর্যন্ত জাতীয় গড় অগ্রগতি ১১.৫৪%, কিন্তু মন্ত্রণালয়ের আর্থিক অগ্রগতি এডিপি বরাদ্দের ১০.৭২%। • জাতীয় গড় অগ্রগতির নিম্নে রয়েছে ১৪ টি প্রকল্প: পরিবেশ অধিদপ্তরের ০৫টি, বন অধিদপ্তরের ০৮টি ও বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের ০১টি প্রকল্প।	১। মন্ত্রণালয়ের আর্থিক অগ্রগতি জাতীয় অগ্রগতির সমপর্যায়ে আনতে হবে। **বাস্তবায়নেঃ** উন্নয়ন অনুবিভাগ, দপ্তর/সংস্থা প্রধানগণ।
৩	ডিসেম্বর' ২০২৩ এ সমাপ্তযোগ্য প্রকল্পসমূহ	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, ডিসেম্বর' ২০২৩ এ সমাপ্তযোগ্য প্রকল্প তালিকায় ৬টি প্রকল্প রয়েছে, তার মধ্যে নিম্নবর্ণিত প্রকল্প দুটি **নির্ধারিত সময়ে সমাপ্ত হবে** ১। Strengthening capacity for monitoring environmental emissions under the Paris Agreement in Bangladesh; ২। সুন্দরবন পরিবেশবান্ধব পর্যটন (ইকোট্যুরিজম) সুবিধা সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প।	১। প্রকল্প দুইটি যথাসময়ে সমাপ্তের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এক্সিট প্ল্যান বাস্তবায়ন হচ্ছে কিনা তা মনিটর করতে হবে। **বাস্তবায়নেঃ** উন্নয়ন অনুবিভাগ, সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানগণ।
৩.১	পেস্টিসাইড রিস্ক রিডাকশন ইন বাংলাদেশ (মার্চ, ২০২১- ডিসেম্বর, ২০২৩)	প্রকল্প পরিচালক জানান, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১৯২.০৫ লক্ষ টাকা এবং সমপরিমাণ অর্থ ব্যয় হয়েছে। প্রকল্প পরিচালক আরও জানান যে, FAO অর্থায়নে প্রকল্পটি চলমান রয়েছে। বর্তমানে প্রকল্পটি উপাদান ভিত্তিক সংশোধনের জন্য FAO এর মতামত প্রয়োজন। মতামত পাওয়ার পর প্রকল্পটি সংশোধনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যাবে।	১। প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে **বাস্তবায়নেঃ** উন্নয়ন অনুবিভাগ/ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক

৩.২	এনভায়রনমেন্টালি সাউন্ড ডেভেলপমেন্ট ফর দি পাওয়ার সেক্টর উইথ দি ফাইনাল ডিসপোজাল অব পলিক্লোরিনেটেড বাই-ফিনাইল (পিসিবি) প্রকল্প; (জানুয়ারি, ২০১৮-ডিসেম্বর ২০২৩)	প্রকল্প পরিচালক জানান, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১০১.৮৫ লক্ষ টাকা এবং সমপরিমাণ অর্থ ব্যয় হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, এ প্রকল্পের আওতায় পিসিবি আইডেন্টিফাই এর জন্য ইনভেন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে। পিসিবি আইডেন্টিফাই এর পর তা UNIDO এর মাধ্যমে ডিসপোজাল করতে হবে। ইনভেন্ট্রির জন্য ৩০০০ কীট প্রয়োজন হবে যা আসতে প্রায় ৩-৪ মাস সময় লাগবে। পিসিবি আইডেন্টিফাই এবং তা ডিসপোজাল করতে প্রায় ২ বছর সময় লাগবে, তাই প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন।	১। প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে **বাস্তবায়নেঃ** উন্নয়ন অনুবিভাগ/ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
৩.৩	"শব্দদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশিদারিত্বমূলক" প্রকল্প (জানুয়ারি, ২০২০ থেকে ডিসেম্বর, ২০২৩)	প্রকল্প পরিচালক জানান, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ৬১৯.০০ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ৩৭৫.৪৫ লক্ষ টাকা। শব্দদূষণ নিয়ন্ত্রণে নির্মিত টিভিসি নিয়মিত প্রচার হচ্ছে, সাইনবোর্ড স্থাপন সম্পন্ন হয়েছে। তিনি জানান, প্রকল্পের ৫৬% কাজ এখনো অবশিষ্ট আছে বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। সভাপতি প্রকল্পের কার্যক্রম আরো দৃশ্যমান করতে বলেন। সচিব মহোদয় জানান শব্দদূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে ঢাকাসহ প্রতিটি শহরে ব্যবহৃত প্রতিটি যানবাহনে স্টীকার লাগানো প্রয়োজন। তিনি বলেন,শব্দ দূষণ নিয়ন্ত্রণে প্রকল্পের পাশাপাশি পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক মাস্টার প্ল্যান গ্রহণ করতে হবে।	১। শব্দদূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নেঃ** উন্নয়ন অনুবিভাগ/ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
৩.৪	মাদারীপুর জেলার আওতায় বিদ্যমান চরমুগুরিয়া ইকো-পার্কের আধুনিকায়ন প্রকল্প (১ম সংশোধিত) (জানুয়ারী, ২০২০-ডিসেম্বর, ২০২৩)	প্রকল্প পরিচালক জানান, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ২৫৫.৩৫ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ১৯১.৪৭৯ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক জানান, যে ভূমি জটিলতার কারনে দ্রুত কাজ করা সম্ভব হয়নি তা সমাধান করা হয়েছে। পিডব্লিউডি'র রেইট শিডিউল জারি হয়েছে যা বৃদ্ধি পেয়েছে। সে অনুযায়ী পূর্ত কাজ, বাউন্ডারি ওয়াল ও ভিতরে কিছু বৃক্ষরোপণ সম্পন্ন করার জন্য প্রকল্পের সময় বৃদ্ধি প্রয়োজন।	১। প্রকল্পের মেয়াদবৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। **বাস্তবায়নেঃ** উন্নয়ন অনুবিভাগ/ প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর ও প্রকল্প পরিচালক

৪	চলমান এডিপিভুক্ত প্রকল্পসমূহের মধ্যে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন সংক্রান্ত	অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২৫টি প্রকল্পের মধ্যে বরাদ্দের হিসাব অনুযায়ী নিম্নে বর্ণিত ৫টি প্রকল্পে মোট বরাদ্দের প্রায় ৮০% বরাদ্দ রয়েছে। ক।বাংলাদেশের জলবায়ু ঝুঁকিপূর্ণ উপকূলীয় ছোট দ্বীপ এবং নদীর চরের জন্য অভিযোজন উদ্যোগ- ২২০০.০০লক্ষ টাকা খ।বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, কক্সবাজার এর অধিকতর উন্নয়ন ও সম্প্রসারণ - ৩০০০.০০ লক্ষ টাকা গ। শেখ রাসেল এভিয়ারী এ্যান্ড ইকো পার্ক রাঙ্গুনিয়া, চট্টগ্রাম (২য় পর্যায়) প্রকল্প - ২০০০.০০ লক্ষ টাকা ঘ।টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প - ৫১১৭৮.০০ লক্ষ টাকা ঙ। সুন্দরবন সুরক্ষা প্রকল্প- ৩৩৫৯.০০ লক্ষ টাকা। এ প্রকল্পসমূহের অগ্রগতির উপর বিষেশ নজরদারী প্রয়োজন।	১। এ অর্থ বছরে যে ৫ টি প্রকল্পের বরাদ্দ সবচেয়ে বেশী সেগুলোর কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি কঠোরভাবে মনিটর করতে হবে। ২। দপ্তর/ সংস্থা প্রধানগণ এ বিষয়ে নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও মনিটরিং করবেন। **বাস্তবায়নেঃ** উন্নয়ন অনুবিভাগ, দপ্তর/সংস্থা প্রধানগণ।
৪.১	টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প (জুলাই ২০১৮-ডিসেম্বর ২০২৪) প্রাক্কলিত ব্যয়: ৫১১৭৮.০০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক জানান, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ৫৯৫১.৯৪ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ৫৮১৮.২৩ লক্ষ টাকা। তিনি জানান, পিডব্লিউডি’র অধীনে ৯৪টি বিল্ডিংয়ের মধ্যে ৯১ টির কাজ চলমান রয়েছে। এছাড়াও, পিডব্লিউডি ২৩টি বিল্ডিং হস্তান্তরের জন্য পত্রের প্রেক্ষিতে বুঝে নেয়া হয়েছে। বাকী অংশের কাজ সম্পন্ন করার জন্য প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি করা প্রয়োজন।অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, ডলার এক্সচেঞ্জ রেট এর কারণে প্রকল্পের অর্থের পরিমাণ বৃদ্ধি পেয়েছে, তাই ডিপিপি সংশোধন করে এই অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। সচিব মহোদয় অবহিত করেন যে, World Bank মিশন প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন। মিশন কর্তৃক অভিযোগ করা হয়েছে যে সাইট বুঝিয়ে দিতে দেরি হওয়ার কারণে পিডব্লিউডি’র কাজ আরম্ভ করতে বিলম্ব হয়েছে। যেসকল কর্মকর্তার গাফিলতির কারণে এটি ঘটেছে তাদের কারণ দর্শানো প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন।	১। ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। সাইট বুঝিয়ে দিতে যেসকল কর্মকর্তা গাফিলতি করেছেন তাদের কারণ দর্শানোর নোটিশ প্রদানপূর্বক তার অনুলিপি অতিরিক্ত সচিব (প্রশাসন) কে দিতে হবে। **বাস্তবায়নেঃ** উন্নয়ন অনুবিভাগ/ প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর ও প্রকল্প পরিচালক

৪.২	সুন্দরবন সুরক্ষা প্রকল্প (জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২৪)- প্রাক্কলিত ব্যয়: ৩৩৫৯.০০ লক্ষ টাকা।	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ৩৩৫৯.০০ লক্ষ (পুনঃউপযোজনের পর ৩২০৬.০০ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১৫২৪.৫০ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ২৪২.২৬০ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক জানান যে, পিডব্লিউড'র রেট সিডিউল পরিবর্তন হয়েছে সে অনুযায়ী ডিপিপি রিভিশন করা হয়েছে। সে মোতাবেক কার্যক্রম চালু রয়েছে।	১। প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। **বাস্তবায়নে:** উন্নয়ন অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা, প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর ও প্রকল্প পরিচালক।
৪.৩	বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, কক্সবাজার এর অধিকতর উন্নয়ন ও সম্প্রসারণ (২য় পর্যায়) (২য় সংশোধিত) (জুলাই ২০১৯ জুন ২০২৫) প্রাক্কলিত ব্যয়: ৩০০০.০০ লক্ষ টাকা	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১৪৯৯.৫০ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ৫২৩.৬৫ লক্ষ টাকা। তিনি জানান, বর্ণিত প্রকল্পের আওতায় নির্মিত ওয়াচ টাওয়ারের কাজের গুণগত মান খুব নিম্নমানের হয়েছে। সভাপতি এ বিষয়ে ঠিকাদার এর মাধ্যমে যথাযথভাবে কাজ আদায় করার নির্দেশনা দেন।	১। দায়ী ঠিকাদারকে কাজের গুণগতমান বজায় রেখে কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। **বাস্তবায়নে:** উন্নয়ন অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা, প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর ও প্রকল্প পরিচালক।

৪.৪	শেখ রাসেল এভিয়ারী এ্যান্ড ইকো পার্ক রাঙ্গুনিয়া, চট্টগ্রাম (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) (জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৪) প্রাক্কলিত ব্যয়: ২০০০.০০ লক্ষ টাকা	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, এ অর্থবছরে অক্টোবর, ২০২৩ পর্যন্ত প্রকল্পের অনুকূলে অর্থ অবমুক্ত হয়েছে ৯৯৯.২০ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ৩৭.৯১৯ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক জানান যে, পূর্তকাজের টেন্ডার আগামী এক সপ্তাহের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে। ক্যাবল কার কমিটি কর্তৃক বুঝে নিয়ে আগামী পনেরো দিনের মধ্যে বানিজ্যিকভাবে এটি চালু করা সম্ভব হবে।	১। পূর্ত কাজ যথাযথভাবে এগিয়ে নিতে হবে। ২। ক্যাবল কারটি যাচাই বাছাইপূর্বক বাণিজ্যিকভাবে চালুর দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। **বাস্তবায়নে:** প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব) এবং প্রকল্প পরিচালক।
৪.৫	বাংলাদেশের জলবায়ু ঝুঁকিপূর্ণ উপকূলীয় ছোট দ্বীপ এবং নদীর চরের জন্য অভিযোজন উদ্যোগ (০১ জানুয়ারি ২০২৩ হতে ৩১ ডিসেম্বর ২০২৭) প্রাক্কলিত ব্যয়: ২২০০.০০লক্ষ টাকা	অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান, এ প্রকল্পের বিপরীতে অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ৫৫.০১ লক্ষ টাকা এবং সমপরিমাণ অর্থ ব্যয় হয়েছে। সচিব মহোদয় জানান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ প্রকল্পের আওতায় গৃহহীনদের ঘর তৈরি করে দেয়া হচ্ছে। এ প্রকল্পের একটি উদ্দেশ্য হচ্ছে উপকূলীয় এলাকায় ঘর মেরামত করে দেয়া। যেহেতু একেক জনের বাড়ি একেক রকম তাই মেরামতের কাজটি করা অসুবিধাজনক সেক্ষেত্রে প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় সিদ্ধান্ত হয়েছে যে, ঘর মেরামতের পরিবর্তে নতুন ঘর তৈরি করে দেয়ার। তিনি এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একটি অনাপত্তি গ্রহণের পরামর্শ প্রদান করেন।	১।১। উপকুলীয় এলাকায় ঘর তৈরীর বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে মতামত সংগ্রহ করতে হবে; **বাস্তবায়নে:**উন্নয়ন অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা, মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক।
৫	সভায় জাতীয় গড় অগ্রগতির নিম্নে থাকা প্রকল্পের সমস্যা ও তার উত্তরণের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা হয়ঃ		

৫.১	ইকোসিস্টেম বেসড অ্যাপ্রোচেস টু অ্যাডাপটেশন (ইবিএ) ইন দ্যা ড্রাউট প্রোণ বারিন্দ ট্র্যাক্ট এন্ড হাওড় ওয়েটল্যান্ড এরিয়া; জুলাই, ২০১৯- জুন, ২০২৪) (প্রাক্কলিত ব্যয়: ৪২৭২.২৯ লক্ষ টাকা)।	প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি-তে প্রকল্পটির অনুকূলে ১৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর, ২০২৩ পর্যন্ত কোনো অর্থ অবমুক্ত হয়নি। তিনি জানান, এটি GEF ফান্ডের সহায়তায় বাস্তবায়িত হচ্ছে। অতি শীঘ্রই নাইরোবি অফিস হতে অর্থ ছাড় হবে।	১। অর্থ ছাড়ের বিষয়ে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে যোগাযোগ করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নে:** উন্নয়ন অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা ও প্রকল্প পরিচালক
৫.২	পরিবেশ অধিদপ্তরের অবকাঠামো উন্নয়ন, গবেষণাগার স্থাপন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প; জুলাই, ২০১৮- জুন, ২০২৪ (প্রাক্কলিত ব্যয়: ৩৫৬৩.৭৪১ লক্ষ টাকা)।	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি-তে প্রকল্পটির অনুকূলে ৫০০.০০ লক্ষটাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১২৪.৭৯ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫.৮৮ লক্ষ টাকা। পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি জানান, পরিবেশ অধিদপ্তর কর্তৃক কক্সবাজার জেলা অফিস ভবনের ডিজাইনটি বিদ্যমান অর্গানোগ্রাম অনুসারে যথাযথ থাকায় প্রতিস্বাক্ষর পূর্বক ৮/১১/২৩ তারিখে স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়।স্থাপত্য অধিদপ্তর ডিজাইনটি অনুমোদন করে ২১/১১/২৩ তারিখে গণপূর্ত অধিদপ্তরে ডিজাইন শাখায় প্রেরণ করা হয়।ডিজাইন শাখা কর্তৃক স্ট্রাকচারাল ডিজাইন প্রণয়ন করলে সে অনুসারে কক্সবাজার গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দাপ্তরিক প্রাক্কলন প্রনয়ণ ও অনুমোদন করে দরপত্র আহ্বান করবে।সভাপতি মহোদয় পরিবেশ অধিদপ্তরকে এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।	১।পরিবেশ অধিদপ্তর এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখবে। **বাস্তবায়নেঃ** মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
৫.৩	এইচসিএফসি ফেজ-আউট ম্যানেজমেন্ট প্ল্যান (এইচপিএমপি স্টেজ-২) ফর কমপ্লায়েন্স উইথ দ্যা ২০২০ এ্যান্ড ২০২৫ কন্ট্রোল টার্গেটস আন্ডার দ্যা মন্ট্রিল প্রটোকল; জানুয়ারি, ২০২১- জুন, ২০২৫ (প্রাক্কলিত ব্যয়: ৪৫৪২.০০ লক্ষ টাকা)।	প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি-তে প্রকল্পটির অনুকূলে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর, ২০২৩ পর্যন্ত ১২৪.৩৯ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে এবং সমপরিমাণ অর্থ ব্যয় হয়েছে। সভাপতি বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করার নির্দেশ দেন।	১। বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করাতে হবে। **বাস্তবায়নে:** উন্নয়ন অনুবিভাগ ও প্রকল্প পরিচালক

৫.৪	সুন্দরবন ব্যবস্থাপনা সহায়তা প্রকল্প-২য় পর্যায় (এসএমপি-২) (২য় সংশোধিত) (মে, ২০১৯ হতে জুন, ২০২৪); (প্রাক্কলিত ব্যয়: ৬১৩৩.০০ লক্ষ টাকা)।	প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ৪৮৮.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১২.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৬.১৯৬ লক্ষ টাকা। জলযান ক্রয় বাবদ রয়েছে ৪ কোটি ৫০ লক্ষ টাকা, অবশিষ্ট ৩৮ লক্ষ টাকা অন্যান্য ব্যয় বাবদ বরাদ্দ আছে। জলযান ক্রয় অনুমোদনের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	১। জলযান ক্রয়ের বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ রাখতে হবে। **বাস্তবায়নে:** উন্নয়ন অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা, প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর ও প্রকল্প পরিচালক।
৫.৫	জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব নিরসনে সিলেট বন বিভাগে পুন:বনায়ন ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)।বাস্তবায়নকাল: জুলাই, ২০১৯- জুন, ২০২৫ ;প্রকল্প ব্যয়: ৭৫৩২.৩৬ লক্ষ টাকা;	প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ২০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ৯২৩.৬৬ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৫.৬০১ লক্ষ টাকা। সভাপতি বলেন, প্রকল্পের কাজ যথাযথভাবে এগিয়ে নিতে হবে।	১। প্রকল্পের কাজ যথাযথভাবে এগিয়ে নিতে হবে। **বাস্তবায়নে:** উন্নয়ন অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা, প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর ও প্রকল্প পরিচালক।
৫.৬	ফিজিবিলিটি স্টাডি ফর ফরেস্ট ইকোসিস্টেম কনজারভেশন এ্যান্ড ইকোট্যুরিজম ডেভেলপমেন্ট অব গ্রেটার দিনাজপুর এ্যান্ড রংপুর রিজিয়ন; জানুয়ারি, ২০২৩ -জুন, ২০২৪ (প্রাক্কলিত ব্যয়: ৩২১.৪০ লক্ষ টাকা)।	প্রকল্প পরিচালক জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ৩২১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ৮০.১০ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ৫.৯৩৬ লক্ষ টাকা। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব) বলেন সমীক্ষাটি ফার্মের মাধ্যমে পরিচালিত হবে। ফার্ম নিয়োগের জন্য প্রকিউরমেন্ট এর কাজ হয়েছে, কার্যাদেশ দেয়া হয়েছে। সভাপতি প্রকিউরমেন্ট এর কাজ যথাযথভাবে সম্পন্ন করার নির্দেশনা দেন।	১।প্রকিউরমেন্ট এর কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। **বাস্তবায়নে:** উন্নয়ন অনুবিভাগ, প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব) এবং প্রকল্প পরিচালক।

৫.৭	মহামায়া ইকোপার্কের জীববৈচিত্র্য সংরক্ষণ ও প্রতিবেশ উন্নয়ন; জানুয়ারি, ২০২০ -ডিসেম্বর, ২০২৪ (প্রাক্কলিত ব্যয়: ১৮৪৮.২৩ লক্ষ টাকা)।	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ৮৬০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১১৬.৫৪ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ২২.১৬০ লক্ষ টাকা। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর জানান, এ প্রকল্পের ভূমি অধিগ্রহণের জন্য বরাদ্দ আছে ৩ কোটি ৩০ লক্ষ টাকা। প্রকল্প পরিচালকের আবেদনের প্রেক্ষিতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও এলএ সাইট ভিজিট করে প্রতিবেদন জমা দিবে। প্রতিবেদনের পরে নোটিশ জারি হবে। ভূমি অধিগ্রহণের অনুমতি প্রাপ্তির লক্ষ্যে উক্ত নোটিশ অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সভাপতি দ্রুততার সাথে এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা দেন।	১। অর্থ মন্ত্রণালয়ের চাহিত কাগজপত্র দ্রুত প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে:** প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব) এবং প্রকল্প পরিচালক।
৫.৮	সুন্দরবন সুরক্ষা প্রকল্প (জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৪) প্রকল্প ব্যয়ঃ ১৫৭৮৭.৫১ লক্ষ টাকা;	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ২০২৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১০১০.০০ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ১৭৫.৬৯৩ লক্ষ টাকা। প্রকল্পের কার্যক্রম ভালোভাবে চলছে মর্মে সকলে অভিমত ব্যক্ত করেন।	১। প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে হবে। **বাস্তবায়নে:** প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব) এবং প্রকল্প পরিচালক।
৫.৯	সম্পূর্ণ বৃক্ষে উন্নতমানের আগর রেজিন সঞ্চয়ন প্রযুক্তি উদ্ভাবন শীর্ষক প্রকল্প; জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬; প্রাক্কলিত ব্যয়: ৬৭৯২.৩৪ লক্ষ টাকা।	প্রকল্প পরিচালক জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ১৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তন্মধ্যে, অক্টোবর, ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ৭৯৪.৫০ লক্ষ টাকা এবং অর্থ ব্যয় হয়েছে ৩৮.৩৭ লক্ষ টাকা। তিনি আরও জানান গত বছরের টেন্ডারের বকেয়া যন্ত্রপাতি চট্টগ্রাম বন্দরে চলে এসেছে। যন্ত্রগুলো প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা যাবে। সভাপতি দ্রুত বিল পরিশোধ করার নির্দেশনা দেন।	১। পেন্ডিং কাজের বিল পরিশোধ করে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। **বাস্তবায়নে:** উন্নয়ন অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা, পরিচালক, বিএফআরআই ও প্রকল্প পরিচালক।

৬	বিবিধ	ক) অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, Bangladesh Environmental Sustainability and Transformation (BEST) প্রকল্পের প্রকল্প পরিচালক, উপপ্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। বিশ্বব্যাংকের শর্তানুসারে Project Operation Manual (POM) অনুমোদন, Subsidiary Loan Agreement (SLA) স্বাক্ষর এবং Loan Effectiveness অনুমোদনের কাজ শেষ হয়েছে। এডিপিতে অন্তর্ভুক্ত করার জন্য কার্যক্রম বিভাগে পত্র দেয়া হয়েছে। AMS সফটওয়্যারে এন্ট্রির কাজ চলমান রয়েছে। খ) সচিব মহোদয় বলেন, গণপূর্তের অংগ ব্যতীত যেসব প্রকল্পের পূর্ত কাজ রয়েছে সেসব প্রকল্পের কাজ টেকনিক্যাল কমিটি গঠনপূর্বক নীরিক্ষা করতে হবে।	১। গণপূর্তের অংগ ব্যতীত যেসব প্রকল্পের পূর্ত কাজ রয়েছে সেসব প্রকল্পের কাজ টেকনিক্যাল কমিটি গঠনপূর্বক নীরিক্ষা করতে হবে।

৭.০। সচিব মহোদয় যেসকল প্রকল্পের গড় অগ্রগতি জাতীয় গড় অগ্রগতির উপরে রয়েছে সেকল প্রকল্প পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং যেসকল প্রকল্পের গড় অগ্রগতি জাতীয় গড় অগ্রগতির নিচে রয়েছে তাদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করে জাতীয় অগ্রগতিতে ভূমিকা রাখার আহবান জানান। উপমন্ত্রী মহোদয় যেসকল প্রকল্পের গড় অগ্রগতি জাতীয় গড় অগ্রগতির উপরে রয়েছে সেকল প্রকল্পের পদাঙ্ক অনুসরণপূর্বক যেসকল প্রকল্পের গড় অগ্রগতি জাতীয় অগ্রগতির নিচে রয়েছে তাদের গড় অগ্রগতি বাড়ানোর আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি জনগণের কল্যাণে প্রকল্প গ্রহণের আশাবাদ ব্যক্ত করেন।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহাব উদ্দিন এম.পি.
মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন
মন্ত্রণালয়

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৩.০৬.০০১.২৩.৩৮৮

তারিখ: ৬ পৌষ ১৪৩০
২১ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
২) সচিব, অর্থ বিভাগ
৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৫) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) অতিরিক্ত সচিব (সকল), বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৭) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

৮) যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৯) প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর

১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১১) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১২) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৫ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১৩) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)

১৪) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-১ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১৫) উপসচিব, পরিকল্পনা-৪ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১৬) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১৭) উপ-প্রধান বন সংরক্ষক, পরিকল্পনা উইং, বন অধিদপ্তর

১৮) সিনিয়র তথ্য কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১৯) পরিচালক, পরিকল্পনা শাখা, পরিবেশ অধিদপ্তর



আসমা শাহীন

উপসচিব